

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৮

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. যে ব্যক্তি অপবিত্র অবস্থায় আল্লাহর যিকির করে

باب فِي الرَّجُلِ يَذْكُرُ اللهَ تَعَالَى عَلَى غَيْرِ طُهْرٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ، حَدَّثَنَا ابْنُ أَبِي زَائِدَةَ، عَنْ أَبِيهِ، عَنْ خَالِدِ بْنِ سَلَمَةَ، _ يَعْنِي الْفَأْفَاءَ _ عَنِ الْبَهِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَذْكُرُ اللهَ عَنَّ وَجَلَّ عَلَى كُلِّ أَحْيَانِهِ .

_ صحیح : م

বাংলা

১৮। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সর্বাবস্থায় মহামহিয়ান আল্লাহর জিকির করতেন।[1]

সহীহ: মুসলিম।

English

Narrated A'ishah:

The Apostle of Allaah (sal Allaahu alayhi wa sallam) used to remember Allaah, the Great and Majestic, at all moments.

ফুটনোট

[1]. মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ জানাবাত ও অন্যান্য অবস্থায় মহান আল্লাহর যিকর করা) বুখারী (অধ্যায়ঃ হায়িয, অনুঃ ঋতুবতী নারী বায়তুল্লাহ তাওয়াফ ব্যতীত হাজ্জের অন্য সব আনুষ্ঠানিকতা পালন করবে, এবং অধ্যায়ঃ আযান অনুঃ ২/১৩৫, মু'আল্লাকভাবে এ কথার দ্বারা যে, আয়িশাহ বলেছেন...) ইমাম মুসলিম একে মুত্তাসিলভাবে বর্ণনা করেছেন যা গত হয়েছে। ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ পায়খানায় অবস্থানকালে আল্লাহর যিকর করা এবং আংটি পরিধান করা, হাঃ ৩০২), আহমাদ (৬/৭০, ১৩৫) প্রত্যেকেই ইবনু আবূ



যায়িদাহ সূত্রে।

_

হাদীস থেকে শিক্ষাঃ

হাদীসটি প্রমাণ করে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পবিত্র, উযুবিহীন, জুনুবী, বসে, দাঁড়িয়ে, হেলান দিয়ে, হাঁটা ও আরোহী সকল অবস্থায়ই আল্লাহর যিকর করতেন। এখানে যিকর কথাটি ব্যাপক অর্থবাধক ('আম), যা তাসবীহ, তাহলীল, তাকবীর, তাহমীদ, ইস্তিগফার, দরুদ সকল প্রকার যিকর শামিলকরে। মুসলিমগণের ঐক্যমত এরূপ করা শারী'আত সম্মত। তবে পেশাব-পায়খানা এবং সহবাসের অবস্থায় বাদে। কেননা এ দু' অবস্থায় যিকর করা অপছন্দনীয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন